

### ইবিতে ১ হাজার ৯০টি আসনে ভর্তির জন্য ২১ হাজার প্রার্থী

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
পত্রিকা ॥ চলতি ২০০২-২০০৩  
শিক্ষাবর্ষে ইসলামী বিশ্ববিদ্যালয়ের  
১৮টি বিভাগের ১ হাজার ৯০টি  
আসনে (অনার্স প্রথমবর্ষ) ভর্তির  
জন্য আবেদনপত্র জমা পড়েছে  
২১ হাজার ৬শ ১০টি। ফলে আসন  
প্রতি প্রতিবন্দী প্রায় ২২ জন। গত  
বৃহস্পতিবার ছিল ফরম জমার  
শেষদিন। আগামী ২৭ ও ২৮শে  
জানুয়ারী লিপিত ভর্তি পরীক্ষার  
সময়সূচীতেও পরিবর্তন আনা  
হয়েছে। প্রথম দিন 'ক' ইউনিটের  
পরীক্ষা সকাল ১০টা থেকে ১১টা  
খ, ইউনিটের প্রথম শিফট রোল নং  
১-৫, ৪০০ পর্যন্ত) ২টা থেকে ৩টা  
দ্বিতীয় শিফট (৫,৪০১-১০,৭০১  
রোল পর্যন্ত) ৪টা থেকে ৫টা,  
দ্বিতীয় দিন 'গ' ইউনিটের পরীক্ষা  
১০টা থেকে ১১টা এবং 'ঘ' ইউনিট  
২টা থেকে ৩টায় অনুষ্ঠিত হবে।  
৫টি পরীক্ষা উপলক্ষে ২৫ থেকে  
২৮শে জানুয়ারী পর্যন্ত সমস্ত ক্লাস বন্ধ  
থাকবে। তবে ২৬শে জানু-  
য়ারীর পূর্ব নির্ধারিত পরীক্ষা অন-  
স্থিত হবে। ২৯শে জানুয়ারী থেকে  
পুনরায় ক্লাস পরীক্ষা চালু হবে।  
ভর্তি ফরম বিক্রি করে এবছর কর্তৃ-  
পক্ষের আয় হয়েছে ৬৪ লক্ষ ৮৩  
হাজার টাকা।